প্রতিরোধ একটি সহজ পদক্ষেপ

REGIONE DEL VENETO
Servizio Socio Sanitario Regionale
In Universum Salus
VIVO BENE VENETO
Piano Regionale Prevenzione del Veneto

স্তন ক্যান্সার স্ক্রিনিং

এটি কী

এটি স্তন ক্যান্সার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করার একটি বিনামূল্যের স্বাস্থ্যসেবা কার্যক্রম, যা আমন্ত্রণ গ্রহণের সময় থেকে রোগ নির্ণয় এবং সম্ভাব্য ক্ষতের চিকিৎসা পর্যন্ত আপনাকে সহায়তা করে।

সম্পূর্ণ স্বাস্থ্যসেবা কার্যক্রমের ব্যয় আঞ্চলিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা বহন করে।
চিকিৎসকের রেফারেল প্রয়োজন নেই

কাদের জন্য

ভেনেতো অঞ্চলে স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসকারী 45 থেকে 74 বছর বয়সী নারীদের জন্য

কত সময় পরপর

প্রতি 2 বছরে ম্যামোগ্রাফি নামক একটি রেডিওলজিক্যাল পরীক্ষার মাধ্যমে করা হয়

কীভাবে করা হয়



ম্যামোগ্রাফি করতে কয়েক মিনিট সময় লাগে।স্তনে চাপ দেওয়ার ফলে সামান্য অস্বস্তি হতে পারে, তবে তা দ্রুত চলে যায়।

দুজন রেডিওলজিস্ট আলাদাভাবে ছবিগুলো পর্যালোচনা করেন।
একটি পরীক্ষা ও পরবর্তী পরীক্ষার মধ্যবর্তী সময়ে কোনো উপসর্গ দেখা দেয় কি না সেদিকে খেয়াল রাখা জরুরি — যেমন কোনো গাঁট, স্তনে ব্যথা, স্তনবৃন্ত থেকে তরল নিঃসরণ বা আকৃতির পরিবর্তন — এবং পরবর্তী আমন্ত্রণের জন্য অপেক্ষা না করে নিজের চিকিৎসককে তা জানানো উচিত।

স্বাস্থ্যসেবা কার্যক্রম

- আপনি বাড়িতে এবং ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডে আমন্ত্রণপত্র পাবেন।
- আপনি ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডের মাধ্যমেও অ্যাপয়েন্টমেন্ট পরিবর্তন করতে পারবেন
- ম্যামোগ্রাফির ফলাফল নেগেটিভ হলে: আপনি আপনার ULSS থেকে একটি বার্তা এবং দুই বছর পর পরবর্তী আমন্ত্রণ পাবেন।
- ম্যামোগ্রাফির ফলাফল পজিটিভ হলে: আপনি আপনার ULSS থেকে একটি বার্তা এবং আরও পরীক্ষা করানোর আমন্ত্রণ পাবেন

ম্যামোগ্রাফির ফলাফল পজিটিভ হওয়ার অর্থ এই নয় যে ক্যান্সার হয়েছে: এটি আরও পরীক্ষা করানোর প্রয়োজনীয়তা নির্দেশ করে। ঠিক এ কারণেই আপনাকে যে বিস্তারিত পরীক্ষাগুলো করানোর দেওয়া হবে, সেগুলো করানো গুরুত্বপূর্ণ।

কেন করাবেন

স্ক্রিনিংয়ের মাধ্যমে ক্যান্সার ছোট থাকা অবস্থাতেই শনাক্ত করা যেতে পারে।এতে কম পার্শ্বপ্রতিক্রিয়ায় চিকিৎসা করা সহজ হয় এবং সুস্থ হওয়ার সম্ভাবনা বেরে যায়

ক্যান্সার স্ক্রিনিংয়ে অংশগ্রহণ করা একটি সহজ পদক্ষেপ

আরও জানতে এবং অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করতে:

আঞ্চলিক ওয়েবপেজের মাধ্যমে আপনার ULSS-এর সঙ্গে যোগাযোগ করুন

অথবা আপনার ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডে যান Fascicolo Sanitario Elettronico Sanità km zero

প্রতিরোধ একটি সহজ পদক্ষেপ

REGIONE DEL VENETO
Servizio Socio Sanitario Regionale
In Universum Salus
VIVO BENE VENETO
Piano Regionale Prevenzione del Veneto

কোলন ও মলাশয়ের ক্যান্সার স্ক্রিনিং

এটি কী

এটি কোলন -মলাশয়ের ক্যান্সার প্রতিরোধের একটি বিনামূল্যের স্বাস্থ্যসেবা কার্যক্রম। কোলন হলো অন্ত্রের সেই অংশ, যার মধ্য দিয়ে মল যায়। এটি মলাশয়ে গিয়ে শেষ হয়, যা মলদ্বারের মাধ্যমে শরীরের বাইরের অংশের সঙ্গে যুক্ত। অন্ত্রের এই অংশে পলিপ নামক স্ফীতি তৈরি হতে পারে, যা কয়েক বছরের মধ্যে বাড়তে বাড়তে ক্যান্সারে পরিণত হতে পারে।
স্ক্রিনিং কার্যক্রমটি আমন্ত্রণ গ্রহণের সময় থেকে রোগ নির্ণয় এবং সম্ভাব্য ক্ষতের চিকিৎসা পর্যন্ত আপনাকে সহায়তা করে।

সম্পূর্ণ স্বাস্থ্যসেবা কার্যক্রমের ব্যয় আঞ্চলিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা বহন করে।
চিকিৎসকের রেফারেল প্রয়োজন নেই

কাদের জন্য

ভেনেতো অঞ্চলে স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসকারী 50 থেকে 74 বছর বয়সী নারী ও পুরুষদের জন্য।

কত সময় পরপর

প্রতি দুই বছরে, মলের একটি নমুনায় খালি চোখে দেখা যায় না এমন রক্তের চিহ্ন শনাক্ত করার পরীক্ষার মাধ্যমে।

কীভাবে করা হয়

এই পরীক্ষায় মলে লুকানো রক্তের উপস্থিতি শনাক্ত করা হয়।
আমন্ত্রণপত্র নিয়ে চিঠিতে উল্লেখিত অংশগ্রহণকারী ফার্মেসিতে যান এবং নমুনার টিউব সংগ্রহ করুন।
বাড়িতে অল্প পরিমাণ মলের নমুনা সংগ্রহ করুন এবং নমুনার টিউবটি ফার্মেসিতে ফেরত দিন

স্বাস্থ্যসেবা কার্যক্রম

- আপনি বাড়িতে এবং ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডে আমন্ত্রণপত্র পাবেন।
- পরীক্ষার ফলাফল নেগেটিভ হলে: আপনি আপনার ULSS কর্তৃপক্ষের কাছ থেকে একটি বার্তা এবং নির্ধারিত সময়ের ব্যবধানের পর একটি নতুন আমন্ত্রণ পাবেন।
- পরীক্ষার ফলাফল পজিটিভ হলে: আপনি আপনার ULSS থেকে একটি বার্তা এবং বিস্তারিত পরীক্ষা করানোর আমন্ত্রণ পাবেন (কোলনোস্কোপি, যা সেডেশনের মাধ্যমে করা হবে)।

পরীক্ষার ফলাফল পজিটিভ হওয়ার অর্থ এই নয় যে ক্যান্সার বা ক্যান্সার-পূর্ব ক্ষত রয়েছে: এটি আরও পরীক্ষা করানোর প্রয়োজনীয়তা নির্দেশ করে। ঠিক এ কারণেই আপনাকে যে বিস্তারিত পরীক্ষাগুলো করানোর প্রস্তাব দেওয়া হবে, সেগুলো করানো গুরুত্বপূর্ণ

কেন করাবেন

স্ক্রিনিংয়ের মাধ্যমে ক্ষতগুলো ক্যান্সারে পরিণত হওয়ার আগেই অথবা ক্যান্সার ছোট থাকা অবস্থাতেই শনাক্ত করা যেতে পারে। এতে কম পার্শ্বপ্রতিক্রিয়ায় চিকিৎসা করা সহজ হয় এবং সুস্থ হওয়ার সম্ভাবনা বেরে যায়

ক্যান্সার স্ক্রিনিংয়ে অংশগ্রহণ করা একটি সহজ পদক্ষেপ

আরও জানতে এবং অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করতে:

আঞ্চলিক ওয়েবপেজের মাধ্যমে আপনার ULSS-এর সঙ্গে যোগাযোগ করুন

অথবা আপনার ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডে যান Fascicolo Sanitario Elettronico Sanità km zero

প্রতিরোধ একটি সহজ পদক্ষেপ

REGIONE DEL VENETO
Servizio Socio Sanitario Regionale
In Universum Salus
VIVO BENE VENETO
Piano Regionale Prevenzione del Veneto

জরায়ুমুখের ক্যান্সার স্ক্রিনিং

এটি কী

এটি জরায়ুমুখের ক্যান্সার প্রতিরোধের একটি বিনামূল্যের স্বাস্থ্যসেবা কার্যক্রম। জরায়ুমুখ হলো যোনি ও জরায়ুর মধ্যবর্তী সংএই ক্যান্সার প্যাপিলোমাভাইরাস (HPV) দ্বারা সৃষ্ট হয়। এটি একটি অত্যন্ত সাধারণ ভাইরাস, যা যৌন সম্পর্কের মাধ্যমে ছড়ায়। এই ভাইরাসের বিরুদ্ধে একটি টিকা রয়েছে, যা ১২ বছর বয়সে মেয়ে ও ছেলেদের দেওয়া হয় এবং ভাইরাসের সংক্রমণ ও এর কারণে সৃষ্ট ক্যান্সারের বিকাশ প্রতিরোধে কার্যকর।যোগস্থল।
স্ক্রিনিং কার্যক্রমটি আমন্ত্রণ গ্রহণের সময় থেকে রোগ নির্ণয় এবং সম্ভাব্য ক্ষতের চিকিৎসা পর্যন্ত আপনাকে সহায়তা করে।

সম্পূর্ণ স্বাস্থ্যসেবা কার্যক্রমের ব্যয় আঞ্চলিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা বহন করে।
চিকিৎসকের রেফারেল প্রয়োজন নেই

কাদের জন্য

ভেনেতো অঞ্চলে স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসকারী 25 থেকে 64 বছর বয়সী নারীদের জন্য।

কত সময় পরপর

25 থেকে 29 বছর বয়স পর্যন্ত: প্রতি 3 বছরে (প্যাপ টেস্টের মাধ্যমে) 30 থেকে 64 বছর বয়স পর্যন্ত : প্রতি 5 বছরে (HPV টেস্টের মাধ্যমে)।
যেসব নারী 15 বছর বয়সের মধ্যে HPV টিকা নিয়েছেন, তাঁরা 30 বছর বয়সে স্ক্রিনিং শুরু করেন, কারণ তাঁদের ক্যান্সারের ঝুঁকি খুব কম থাকে

কীভাবে করা হয়

জরায়ুমুখ থেকে সোয়াব নেওয়ার পরীক্ষাটি ব্যথাহীন, তবে সামান্য অস্বস্তিকর এবং এতে কয়েক মিনিট সময় লাগে।
মাসিক চলাকালে এই পরীক্ষা করা হয় না: অ্যাপয়েন্টমেন্টের দিন মাসিক থাকলে, সময় পরিবর্তন করতে আপনার ULSS-এ ফোন করবেন

স্বাস্থ্যসেবা কার্যক্রম

- আপনি বাড়িতে এবং ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডে আমন্ত্রণপত্র পাবেন।
- আপনি ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডের মাধ্যমেও অ্যাপয়েন্টমেন্ট পরিবর্তন করতে পারবেন
- পরীক্ষার ফলাফল নেগেটিভ হলে: আপনি আপনার ULSS কর্তৃপক্ষের কাছ থেকে একটি বার্তা এবং নির্ধারিত সময়ের ব্যবধানের পর একটি নতুন আমন্ত্রণ পাবেন।
- পরীক্ষার ফলাফল পজিটিভ হলে: আপনি আপনার ULSS থেকে একটি বার্তা এবং বিস্তারিত পরীক্ষা করানোর আমন্ত্রণ পাবেন (কলপোস্কোপিসহ স্ত্রীরোগ বিশেষজ্ঞের পরীক্ষা)। HPV টেস্টের ফলাফল পজিটিভ হলেও একই নমুনায় করা প্যাপ টেস্টের ফলাফল নেগেটিভ হলে, আপনাকে এক বছর পর আবার HPV টেস্ট করানোর প্রস্তাব দেওয়া হবে।

কেন করাবেন

স্ক্রিনিংয়ের মাধ্যমে ক্ষতগুলো ক্যান্সারে পরিণত হওয়ার আগেই অথবা ক্যান্সার ছোট থাকা অবস্থাতেই শনাক্ত করা যেতে পারে। এতে কম পার্শ্বপ্রতিক্রিয়ায় চিকিৎসা করা সহজ হয় এবং সুস্থ হওয়ার সম্ভাবনা বেরে যায়

ক্যান্সার স্ক্রিনিংয়ে অংশগ্রহণ করা একটি সহজ পদক্ষেপ

আরও জানতে এবং অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করতে:
আঞ্চলিক ওয়েবপেজের মাধ্যমে আপনার ULSS-এর সঙ্গে যোগাযোগ করুন

অথবা আপনার ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডে যান Fascicolo Sanitario Elettronico Sanità km zero